গাংনীতে ঈদ উপহার সামগ্রী বিতরণ

মেহেরপুর গাংনীর শানঘাট পল্লী উন্নয়ন সংস্থার উদ্যোগে প্রতিবন্ধী ও অসহায় পরিবারের মাঝে ঈদ উপহার সামগ্রী বিতরণ করা হয়েছে। বুধবার সকালে গাংনী প্রতিবন্ধী বিদ্যালয় মাঠে উপহার সামগ্রী বিতরণ করা হয়।

শানঘাট পল্লী উন্নয়ন সংস্থার নির্বাহী পরিচালক ও গাংনী প্রতিবন্ধী বিদ্যালয়ের পরিচালক মহিবুল ইসলাম অসহায় মানুষের হাতে ঈদ উপহার সামগ্রী তুলে দেন।

এসময় ভাটপাড়া মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক সাজ্জাদ হোসেন, গাংনী প্রতিবন্ধী বিদ্যালয়ের সকল শিক্ষকসহ স্থানীয় ব্যাক্তিবর্গ উপস্থিত ছিলেন।

উপহার সামগ্রীর মধ্যে রয়েছে চাউল, চিনি, আট, ডাউল ও সেমাই। মোট ৩৫ জনকে দেয়া হয়েছে ঈদ উপহার সামগ্রী।

মেহেরপুরে জামায়াত ও বিএনপির ১২ নেতা কর্মী কারাগারে

নাশকতার অভিযোগে মেহেরপুর জেলা জামায়াত বিএনপির ১২ নেতাকর্মীকে কারাগারে পাঠিয়েছেন আদালত।

বুধবার (৬ জুলাই) বিকাল সাড়ে তিনটার সময় মেহেরপুর চীফ জুডিশীয়াল ম্যাজিস্ট্রেট আদালতের বিচারক আবু বক্কর সিদ্দিকের আদালতে হাজির হয়ে জামিন চাইলে বিচারক তাদের জামিন নামুঞ্জর করে কারাগারে পাঠানোর নির্দেশ দেন।

আসামিরা হলেন, মেহেরপুর জেলা জামায়াতের নায়েবে আমীর ও সদর উপজেলার সাবেক উপজেলা ভাইস চেয়ারম্যান মাহাবুব উল আলম, জেলা

জামায়াতের রাজনৈতিক সেক্রেটারী রুহুল আমিন, জেলা জামায়াতের তারবিয়াত সেক্রেটারী রফিকুল ইসলাম, মেহেরপুর সদর উপজেলা জামায়াতের সাধারণ সম্পাদক ও সাবেক মেম্বর জাব্বারুল ইসলাম, মেহেরপুর শ্রমিক কল্যাণ ফেডারেশনের জেলা কমিটির সভাপতি আব্দুর রউফ মুকুল, সদর উপজেলা জামায়াতের অর্থ সম্পাদক মহসিন আলী, জামায়াত কর্মী সাইফুল ইসলাম, রমজান আলী, বিএনপি কর্মী আলেহীম হোসেন, শাহাবুদ্দীন আহম্মেদ ও মখলেছুর রহমান।

মেহেরপুর সদর উপজেলার হিজুলী গ্রামের একটি বাড়িতে অভিযান চালিয়ে গত ১৬ মে সোমবার দিনগত রাত ১১ টার দিকে মেহেরপুর সদর উপজেলার হিজুলী গ্রামের সাবেক মেম্বর জামায়াত নেতা আব্দুল জব্বারের বাড়িতে অভিযান চালিয়ে হিজুলি গ্রামের ফয়জুল মালিথা (৫৫) ও সাবের আলী(৫০) নামের ২ জন জামায়াত নেতাকে আটক করে সদর থানা পুলিশ। ওই অভিযানে বিপুল পরিমাণ জিহাদি বই, মাসিক কর্মপরিকল্পনা ও অন্যান্য কাগজপত্রসহ জব্দ করেন বলে পুলিশ দাবী করেন।

ওই ঘটনায় সদর থানা পুলিশ বাদী হয়ে জামায়াতের নেতা কর্মীদের নামে সরকার বিরোধী নাশকতার পরিকল্পণা ও বিস্ফোরক দ্রব্য আইনে মামলা দায়ের করেন। যার মামলা নং ১৮৯/২২ ইং। মামলায় আসামিরা উচ্চ আদালত থেকে জামিনে ছিলেন।

গাংনী উপজেলা চেয়ারম্যান এমএ খালেকের ভাইয়ের ইন্তেকাল

মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান এম এ খালেক এর ছোট ভাই গাংনী বাজারের বিশিষ্ট সার ব্যবসায়ী আবুল বাসার স্ট্রোক জনিত কারণে আজ বুধবার বিকাল ৫ টার দিকে মারা গেছেন। ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাহি রাজিউন।

মৃত্যুকালে তার বয়স হয়েছিল মাত্র ৫৫ বছর। ব্যবসায়ী আবুল বাশারের স্ত্রী, দুই মেয়ে ও এক ছেলে সন্তান রয়েছেন।

আবুল বাশারের বড় ভাই মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক এ তথ্য নিশ্চিত করেছেন। তিনি বলেন, নিজ বাড়িতে হঠাৎ স্ট্রোক করলে তাকে গাংনী উপজেলা হাসপাতালে নেওয়া হয়। সেখানেই চিকিৎসাধীন অবস্থায় মারা যান তিনি।

এদিকে আবুল বাশারের অকাল মৃত্যুতে গাংনী বাজারে শোকের ছাঁয়া নেমে এসেছে। আবুল বাশারের মৃত্যুতে রাজনৈতিক দলের নেতৃবৃন্দ, জনপ্রতিনিধিসহ সমাজের বিভিন্ন শ্রেনী পেশার মানুষ শোক জানিয়েছেন।

হরিনাকুন্ডুতে সঞ্জয় ট্রাস্টের ঈদ সামগ্রী বিতরন

ঝিনাইদহ জেলার হরিনাকুন্ডুতে সুবিধা বঞ্চিত মানুষের মাঝে ঈদ সামগ্রী বিতরণ করা হয়েছে।

বুধবার সকাল ১১টার সময় হরিনাকুন্ডু প্রতিবন্ধী স্কুলের শিক্ষার্থী ও ভবানীপুর মাধ্যমিক বিদ্যালয় এলাকার সুবিধা বঞ্চিত মানুষের মাঝে ঈদ সামগ্রী বিতরণ করা হয়।

হরিনাকুন্ডুর ভবানীপুর গ্রামের কৃতি সন্তান আমেরিকা প্রবাসী সঞ্জয় ট্রাস্টের চেয়ারম্যান সঞ্জয় কুমার সাহা ও তার সহধর্মিণী লাবনি সাহার উপস্থিত থেকে ঈদ সামগ্রী বিতরণ করেন।

এসময় হরিনাকুন্ডু উপজেলা পরিষদের চেয়ারম্যান জাহাঙ্গীর হোসেন, হরিনাকুন্ডু থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা সাইফুল ইসলাম, হরিনাকুন্ডু প্রেসক্লাবের সভাপতি এম সাফুজ্জামান তাজুসহ বিভিন্ন প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিকবৃন্দ এবং এলাকার গণ্যমান্য ব্যাক্তিবর্গ ও প্রতিবন্ধী স্কুলের শিক্ষক-শিক্ষকাগন উপস্থিত ছিলেন।

সঞ্জয় ট্রাস্টের চেয়ারম্যান সঞ্জয় কুমার সাহা বলেন, আমার দেশের সুবিধা বঞ্চিত মানুষের জন্য আমার কষ্টার্জিত টাকা দিয়ে সামান্য

কিছু করতে পেরে আমি ধন্য। তিনি আরও বলেন, বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা দেশের দায়িত্ব কাধে নিয়ে যেভাবে অগ্রসর হচ্ছে, তারই ধারাবাহিকতায় আজকের এই ঈদ সামগ্রী বিতরন। ঈদ সামগ্রী পেয়ে সুবিধা বঞ্চিত মানুষের মুখে আনন্দের হাসি দেখা যায়।

মুজিবনগরে আমন ধান ও গ্রীষ্মকালীন পেঁয়াজ উৎপাদনে কৃষি প্রণোদনার উদ্বোধন

মুজিবনগরে ২০২১-২২ অর্থবছরে ২০২২-২৩/ খরিপ-২ মৌসুমে রোপা আমন ধান ও গ্রীষ্মকালীন পেঁয়াজ উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে কৃষি প্রণোদনা কর্মসূচি বাস্তবায়নের উদ্বোধন অনুষ্ঠিত হয়েছে।

বুধবার বিকেলে মুজিবনগর কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও মুজিবনগর উপজেলা প্রশাসনের আয়োজনে, উপজেলা পরিষদ চত্বরে উপজেলা নির্বাহী অফিসার সুজন সরকার প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই প্রণোদনা কর্মসূচির বাস্তবায়নের উদ্বোধন করেন।

এ সময় উপস্থিত ছিলেন উপজেলা কৃষি অফিসার আনিসুজ্জামান খান,মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের সভাপতি রফিকুল ইসলাম তোতা, উপজেলা সহকারী কৃষি অফিসার আনিসুর রহমান, উপজেলা উপসহকারী উদ্ভিদ সংরক্ষণ অফিসার মিজানুর রহমান।

চলতি ২০২১-২২ অর্থবছরে ২০২২-২৩/ খরিপ-২ মৌসুমে রোপা আমন ধান ও গ্রীষ্মকালীন পেঁয়াজ উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে কৃষি প্রণোদনা কর্মসূচির আওতায় রোপা আমন ধানের প্রণোদনায় উপজেলার ১০৯০ জন কৃষকের মাঝে ৫ কেজি ধান বীজ,১০ কেজি ডিএপি ও ১০ কেজি এমওপি সার বিনামূল্য বিতরণ করা হবে।

এ ছাড়া গ্রীষ্মকালীন পেঁয়াজ উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে উপজেলার ১৫০ জন কৃষকের মাঝে ১কেজি পেয়াজ বীজ,৪০ কেজি সার, পলিথিন,সুতালী এবং বিকাশের মাধ্যমে ২ হাজার ৮শত টাকা করে প্রদান করা হবে বলে জানান

কোটচাঁদপুরে চুলাই মদসহ দুই জন গ্রেফতার

২৭ লিটার চুলাই মদসহ দুই জনকে গ্রেফতার করেছেন কোটচাঁদপুর থানা পুলিশ। বুধবার কোটচাঁদপুর ব্রীজঘাট মোড় থেকে তাদেরকে গ্রেফতার করা হয়।

আটককৃতরা হলেন কোটচাঁদপুর সলেমানপুর গ্রামের মৃত হবিবুর রহমানের ছেলে আজাদ হোসেন ও পোস্ট অফিস পাড়ার আবদুল করিমের ছেলে আওলাদ হোসেন।

কোটচাঁদপুর থানার উপপরিদর্শক সিরাজুল আলম জানান, বুধবার ভোর ৪ টার দিকে থানার ডিউটিরত কর্মকর্তার মোবাইলে ৯৯৯ থেকে একটি সড়ক দুর্ঘটনার কথা জানান। এ খবরে দ্রুত ঘটনাস্থলে ছুটে গিয়ে দুই জনকে আহত অবস্থায় দেখতে পাই। এ সময় তাদের কাছ থেকে ৩ টি প্লাস্টিকের জারে থাকা ২৭ লিটার দেশীয় চুলাই মদ উদ্ধার করা হয়।

তিনি আরও বলেন, মদ নিয়ে তারা রিক্সা করে আলামপুর যাচ্ছিলেন। পথিমধ্যে কোটচাঁদপুর ব্রীজঘাট মোড় পৌছালে রিক্সাটি পাশের থাকা গাছের সঙ্গে ধাক্কা দেয়। এতে রিকশা চালক আজাদ ও মদ বহনকারী আওলাদ গুরুতর আহত হন। পরে তাদের উদ্ধার করে কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গিয়ে প্রাথমিক চিকিৎসা দেয়া হয়।

এ ব্যাপারে তাদের বিরুদ্ধে মাদক দ্রব্য আইনে কোটচাঁদপুর থানায় মামলা হয়েছে। তাদেরকে আদালতে সোপর্দ করা হয়েছে।

গাংনীর ধানখোলা ইউনিয়নে ভিজিএফ’র চাল বিতরণ

গাংনী উপজেলার ধানখোলা ইউনিয়ন পরিষদে পবিত্র ঈদুল আযহা উপলক্ষে গরিব ও অসহায়দের মাঝে ভিজিএফ কার্ডের চাল বিতরণ করা হয়েছে।

আজ বুধবার (৬ জুলাই) সকাল ৯টায় এ চাল বিতরণ করেন ধানখোলা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মো: আব্দুর রাজ্জাক।

এসময় গাংনী উপজেলা সহকারী প্রাথমিক শিক্ষা অফিসার ও ধানখোলা ইউনিয়ন ভিজিএফ চাল বিতরণের ট্যাগ অফিসার ফয়সাল বিন হাসান, ইউপি সচিব রফিকুল ইসলাম সহ সকল ওয়ার্ডের সাধারণ ও সংরক্ষিত নারী সদস্যরা উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, ধানখোলা ইউনিয়নের ৬ হাজার ৫১০ জন গরীব অসহায় দুস্থ্যদের মাঝে ভিজেএফ’র চাল বিতরণ করা হবে। এর মধ্যে আজ বুধবার ৩৭০০ পরিবারের মাঝে এবং আগামীকাল বৃহস্পতিবার (৭ জুলাই) বাকী লোকজনের মধ্যে চাল বিতরণ করা হবে।

মুজিবনগরে বীর মুক্তিযোদ্ধা মনসুর আলীকে গার্ড অফ অনার প্রদান শেষে দাফন

মুজিবনগরে মৃত্যুবরণকারী বীর মুক্তিযোদ্ধা মনসুর আলী (৭৫) কে রাষ্ট্রীয় মর্যাদায় গার্ড অফ অনার প্রধান শেষে দাফন করা হয়েছে।

বীর মুক্তিযোদ্ধা মনসুর আলী বার্ধক্য জনিত কারণে গতকাল মঙ্গলবার দিবাগত রাত সাড়ে বারোটার সময় নিজ বাসভবনে ইন্তেকাল করেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাহি রাজিউন)।

তিনি মুজিবনগর উপজেলার দারিয়াপুর ইউনিয়নের গৌরীনগর গ্রামে মৃত

আজিজুল ইসলাম এর ছেলে এবং ২ সন্তানের জনক।

আজ বুধবার সকাল দশটার সময় গৌরীনগর কবরস্থানে তাবে গার্ড অফ অনার প্রদান করা হয়।

এ সময় সম্মানসূচক জাতীয় পতাকা দ্বারা মৃতদেহকে আচ্ছাদিত করা হয়। পরে পুষ্পস্তবক অর্পন করে শ্রদ্ধা জ্ঞাপন করেন মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার সুজন সরকার ও মুজিবনগর থানা অফিসার ইনচার্জ (ওসি) মেহেদী রাসেল। এ সময় উপস্হিত ছিলেন, বীর মুক্তিযোদ্ধা অবসরপ্রাপ্ত সিনিয়র ওয়ারেন্ট অফিসার আহসান আলী খান, বীর মুক্তিযোদ্ধা ওনারারি ক্যাপ্টেন আব্দুল মালেক, বীর মুক্তিযোদ্ধা সুবেদার আলী হোসেন, বীর মুক্তিযোদ্ধা আমজাদ হোসেনসহ আরো অনেকে।

পরে মেহেরপুর জেলা পুলিশের এই চৌকস দল রাষ্ট্রীয় মর্যাদায় মৃত্যুবরণকারী বীর মুক্তিযোদ্ধা মনসুর আলী কে গার্ড অনার প্রদান করে।

পরে তার নামাজের জানাজা শেষে গৌরিনগর কবরস্হানে দাফন করা হয়।

সব কাজে ঘুষ নেন, বাস করেন অফিস কক্ষেই

মেহেরপুর পরিবার পরিকল্পনা অধিদপ্তরের উপরিচালক মো: শাহিন হাসানের বিরুদ্ধে অনিয়ম, স্বেচ্ছচারিতা, কর্মচারীদের বদলীর হুমকী, বার্ষিক গোপনীয় প্রতিবেদনে (এসিআর) স্বাক্ষর করাতে গিয়ে হয়রানী ও অবৈধভাবে অর্থ আদায়, নারী কেলেংকারীসহ ৫টি অভিযোগে তার বদলির দাবি করেছেন অধিনস্ত কর্মচারীরা।

এনিয়ে গত সোমবার (৪ জুলাই) পরিবার পরিকল্পনা অধিদপ্তরের মহাপরিচালকের কাছে মেহেরপুরে কর্মরত ৪২ জন কর্মচারীর স্বাক্ষরিত অভিযোগপত্রটি পাঠানো হয়েছে।

লিখিত অভিযোগপত্রে তাদের অভিযোগ, উপপরিচালক শাহিন হাসান

অফিসে সংযুক্ত রাখা হয়েছে। এছাড়া আমি অফিসের কক্ষ বাসা হিসেবে ব্যবহার করিনি। মাসিক দুই হাজার টাকায় ভাড়া থাকি। এছাড়া নারী কর্মচারীদের বাসাতে জোর করে দাওয়াত নেয়া, তাদের হয়রানী করা, বদলীর হুমকী দেওয়া অস্বীকার করেন তিনি।

তবে অফিস ভাড়া চুক্তিপত্রে দেখা গেছে, ১ জুলাই ২০২১ সালে ভাড়া নেওয়া হয়েছে। তবে সেখানে আলাদা কোনো কক্ষ ২ হাজার টাকা ভাড়ায় দেওয়া হয়নি।

উপ-পরিচালক শাহিন হাসান আরো বলেন, এখন থেকে এই অফিসে আর কোনো দুর্নীতি হবে না বলেও শপথ নিয়েছে। স্টাফদের নিয়ে গতকালকেই সোমবার (৪ জুলাই) একটি মিটিং করা হয়েছে। সেই মিটিং এ জেলার সব কর্মকর্তা কর্মচারীরা উপস্থিত ছিলেন।

গাংনীর সহড়াতলার সেই বখতিয়ার রহমান গ্রেফতার

গাংনী উপজেলার সহড়াতলা গ্রামের ভানুয়ারা খাতুনকে নির্যাতনকারী সেই বখতিয়ারকে গ্রেফতার করেছে গাংনী থানা পুলিশ।

গতকাল মঙ্গলবার (৫ জুলাই) দিবাগত রাতে গাংনী থানার উপপরিদর্শক (এসআই) আতিকুর রহমান সঙ্গীয় ফোর্সসহ তার বাড়িতে অভিযান চালিয়ে বখতিয়ার রহমানকে গ্রেফতার করে। বখতিয়ার রহমান গাংনী উপজেলার সহড়াতলা গ্রামের মুক্তার আলীর ছেলে।

এসআই আতিকুর রহমান জানান, গ্রেফতারকৃত বখতিয়ার রহমানের বিরুদ্ধে ভানুয়ারা খাতুন নামের একজন নারীকে মারধরের অভিযোগে তার স্বামী সামছুল হক বাদী হয়ে ৩২৩/৩২৫/৩০৭/৫০৬/১১৪ ধারায় একটি মামলা দায়ের করেন। যার মামলা নং ১২, তারিখ ০৫/০৭/২০২২ইং।

উল্লেখ্য, গত ২ জুলাই বকতিয়ার রহমান তার ফুফু শাশুড়ি ভানুয়ারা খাতুনকে আম চুরির মিথ্যা অপবাদ দিয়ে মারধর করে আহত করে। এঘটনায় আহত ভানুয়ারা গাংনী থানায় একটি লিখিত অভিযোগ করেন।